



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
মেহেরপুর-৭১০০।



মোবাইল নং - 01769- 400048, ফোন নং- 0791-62411, 62258 ই-মেইল নং- gmmpps@gmail.com, www. pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২১. ২৪৬২

তারিখ :- ২৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।
১০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ।

বিষয় :- কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি (RFQ ২য় বার)।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা মোতাবেক “কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম” সরবরাহের জন্য বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র RFQ (২য় বার) আহ্বান করা যাইতেছে।

দরপত্র নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
২৭/২০২০-২০২১	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম : সাইজ- ৮.৫” x ১১” (ক) বিল ফর্ম সমূহ ৭০ (GSM) অফসেট সাদা চলমান কাগজে (Continuous Paper) তৈরী করিতে হইবে। চলমান বিল পৃষ্ঠায় বামের ও ডানের ট্রাষ্টারের ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী করিতে হইবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করিতে হইবে, যাহাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। প্রতিটি বিল ফর্ম অফিস কপি ও গ্রাহক কপির সমন্বয়ে প্রস্তুতকৃত হইবে। (নমুনা মোতাবেক) (খ) গ্রাহক কপির অংশের অপর পৃষ্ঠায় পল্লী বিদ্যুৎ সমিতির বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষণের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করিতে হইবে (মার্কার কালি দ্বারা চিহ্নিত)। মুদ্রনের অক্ষর সমূহ স্পষ্ট (Sharp) হইতে হইবে। (গ) প্রতিটি প্যাকেটে ২০০০ টি শীট থাকিতে হইবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্র যুক্ত ২০০০ টি শীটের ওজন ৯.৩৩ কেজি হইবে। (ঘ) ফর্মের প্রথম পৃষ্ঠার পাদদেশে সরবরাহকারী/মুদ্রনকারী প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকিবে। কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেটে অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা ছবুহ প্রিন্টিং ও সরবরাহ করিতে হইবে। (ঙ) বিল ফর্মের উপরের (গ্রাহক কপিতে) অংশের বাম দিকে ‘শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ’ কথাটি লাল কালিতে বোল্ড ফ্রন্টে ছাপাইতে হইবে। বিদ্যুৎ বিল ফর্মের সমান মাঝে কাটিং পারফরেশন থাকিতে হইবে। (নমুনা মোতাবেক)	২৯৯ প্যাকেট (প্রতি প্যাকেটে ২০০০ হাজার কপি)		
		মোট =		

কথায় :-

শর্তাবলী :-

- অগ্রহী দরদাতাগনকে আগামী ৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার দুপুর ১২-০০ ঘটিকার নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করিয়া অফিস চলাকালীন সময়ে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এ রক্ষিত টেন্ডার ব্যাগে দাখিল করিতে হইবে। দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১২-৩০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করিয়া খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করিতে হইবে। দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী (যদি থাকে) ভ্যাট ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। দরপত্রের খামের উপর “কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম” সরবরাহের দরপত্র” কথাটি লিখিতে হইবে।
- দরপত্র সমূহ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথ ভাবে মূল্যায়ন করা হইবে। মূল্যায়ন শেষে বৈধ ও গ্রহণযোগ্য দরদাতা প্রতিষ্ঠানকে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হইবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ণিত মালামাল নিজ খরচে কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ০৭ দিনের মধ্যে অত্র সমিতির সদর দপ্তর, মেহেরপুর এ পৌঁছাইতে হইবে।
- দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং করা যাইবে না।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সকল ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

28-06-20
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক, মেহেরপুর ও চুয়াডাঙ্গা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুষ্টিয়া।
- ডিজিএম, (কারিগরী-সদর/চুয়াডাঙ্গা/গাংনী/আলমডাঙ্গা)মপবিস।
- এজিএম (অর্থ- হিসাব/ওএন্ডএম/সঃ সেবা), মপবিস।
- নোটিশ বোর্ড, মপবিস।
- অফিস কপি / মাষ্টার কপি

সদয় অবগতি ও বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ।

28-06-20
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার